

২৩৬

ডায়েরী: ৫৪০ তারিখ: ২২/০৫/১৪

অতিঃ সচিব/যুগ্ম-সচিব (প্রঃ/প্রাণিঃ/মৎস্য)
যুগ্ম-সচিব (মৎস্য, রপ্তানি/কমিউক, বাভেকা)
যুগ্ম-প্রধান/উপ-সচিব () উপ-প্রধান

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল, ২০১৪/ ১১ বৈশাখ, ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-১০ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটি

এবং এর নির্বাহী কমিটি নিম্নরূপভাবে গঠন করেছেঃ

(ক) মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটি

১। কমিটির গঠনঃ

(১)	প্রধানমন্ত্রী	চেয়ারপারসন
(২)	মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	ভাইস- চেয়ারপারসন
(৩)	মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সদস্য
(৪)	মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
(৫)	মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	সদস্য
(৬)	মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সদস্য
(৭)	মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
(৮)	মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়	সদস্য
(৯)	মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়	সদস্য
(১০)	মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়	সদস্য
(১১)	সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
(১২)	সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
(১৩)	সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা	সদস্য
(১৪)	সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন	সদস্য
(১৫)	ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, মতিঝিল, ঢাকা	সদস্য
(১৬)	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা	সদস্য
(১৭)	সভাপতি, এফবিসিসিআই, ঢাকা	সদস্য
(১৮)	সভাপতি, হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতি	সদস্য
(১৯)	সভাপতি বাংলাদেশ ফিস এন্ড শ্রিম্প ফাউন্ডেশন, গুলশান, ঢাকা	সদস্য
(২০)	সভাপতি, জাতীয় চিংড়ি চাষি সমিতি	সদস্য
(২১)	সভাপতি, বাংলাদেশ মেরিন ফিশারিজ এসোসিয়েশন	সদস্য
(২২)	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।	সদস্য-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুগ্ম-সচিব (মৎস্য) এর দপ্তর

উপ-সচিব (মৎস্য)	
উপ-সচিব (মৎস্য)	
উপ-সচিব (মৎস্য)	
উপ-সচিব (মৎস্য)	
উপ-সচিব (মৎস্য)	

২৩৬
২২/০৫/১৪

১২-৫

২। কমিটির কার্যপরিধিঃ

- (ক) মৎস্য ও চিংড়ি সম্পদ উন্নয়ন বিষয়ক সার্বিক নীতি নির্ধারণ;
- (খ) পরিবেশ সম্মত ও লাগসই প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অধিক পরিমাণে নিরাপদ মাছ চাষের লক্ষ্যে ভূমি ও পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণার্থে দিক-নির্দেশনা প্রদান;
- (গ) উপকূলীয় অঞ্চলে পানি উন্নয়ন বোর্ডের বন্যা নিয়ন্ত্রণ বাধের অন্তর্ভুক্ত এলাকায় পরিবেশসম্মত উপায়ে চিংড়ি ও মৎস্য চাষের উন্নয়ন ও প্রসারে দিক-নির্দেশনা প্রদান;
- (ঘ) মৎস্য ও চিংড়ি সম্পদ উন্নয়ন ও প্রসারে সহায়ক অবকাঠামোগত উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
- (ঙ) মৎস্য ও চিংড়ি চাষ উপযোগী জলমহাল/জলাশয়সমূহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর ও ব্যবস্থাপনার দায়িত্ব অর্পণ বিষয়ক দিক-নির্দেশনা প্রদান;
- (চ) মৎস্য ও চিংড়ি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের সঙ্গে অন্যান্য প্রাসঙ্গিক জাতীয়/ আন্তর্জাতিক বিষয়াবলি বিবেচনা।

- ৩। কমিটি তাদের কার্যপরিধিভুক্ত কোন বিষয়ে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংশ্লিষ্ট থাকলে সে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/সচিব/সংস্থা প্রধানকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।
- ৪। কমিটির নিকট কোন বিষয়ে বিশেষজ্ঞ মতামতের প্রয়োজন অনুভূত হলে কমিটি সরকারি/ বেসরকারি পর্যায়ে বিশেষজ্ঞগণকে সভায় অংশগ্রহণের আমন্ত্রণ জানাতে পারবে।
- ৫। জাতীয় কমিটি বৎসরে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হবে।
- ৬। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৳

